

কিছু অপরিহার্য লিনাক্স অ্যাপ

লুৎফুল্লাহ রহমান

অপারেটিং সিস্টেমের জগতে জনপ্রিয়তার দিক থেকে উইন্ডোজ এবং ম্যাক ওএসের পর সম্ভবত লিনাক্স অপারেটিং সিস্টেমের অবস্থান। আমরা কম-বেশি অনেকেই জানি, অনেক ফ্লোভারে লিনাক্স অপারেটিং রয়েছে এবং এদের ভাঙারে রয়েছে চমৎকার সব অ্যাপ এবং আপনার কাজ সম্পাদন করার জন্য সঠিক অ্যাপ খুঁজে বের করা সত্যিকার অর্থে এক কঠিন কাজ। তাই এ লেখায় মূলত হাইলাইট করা হয়েছে অধিকতর উৎপাদনশীল, কমিউনিকেশন, মিডিয়া ম্যানেজমেন্টসহ আরও অনেক অত্যাবশ্যকীয় অ্যাপের ওপর। লিনাক্সের বিভিন্ন জনপ্রিয় প্ল্যাটফর্মের অপরিহার্য অ্যাপ্লিকেশনের বার্ষিক স্ল্যাপশটের ভিত্তিতে এ লেখা ব্যবহারকারীদের উদ্দেশ্যে তুলে ধরা হয়েছে।

লিনাক্স ব্যবহারকারীদের জন্য এ লেখা যেভাবে ডিজাইন করা হয়েছে

উইন্ডোজ এবং ওএস এক্সের মতো লিনাক্সের সত্তা অটলভাবে একত্রে সম্পৃক্ত থাকে না। সিস্টেমে ইতোমধ্যে তৈরি বিভিন্ন অ্যাপ থেকে বেছে নেয়ার জন্য রয়েছে লিনাক্সের বিভিন্ন ধরনের ডেস্কটপ এনভায়রনমেন্টসহ অসংখ্য ডিস্ট্রিবিউশন। অনেকেই চান ডেস্কটপ এনভায়রনমেন্টে তাদের পছন্দের অ্যাপগুলো ব্যবহার করতে, কেউ কেউ সেরা শ্রেণীটি ব্যবহার করতে চান, আবার কেউ কেউ টার্মিনালে সবকিছু ব্যবহার করতে চান।

সিন্যাপসি



সিন্যাপসি হলো এক চমৎকার GNOME Do। যদি আপনি উবুন্টুর ইউনিটি ইন্টারফেস বা GNOME Shell ব্যবহার করেন, তাহলে সম্ভবত এটি এড়িয়ে যেতে পারেন, যেহেতু গ্লুচর অ্যাপ লঞ্চার ফাংশনালিটি বর্তমানে তৈরি হয়েছে। তবে অন্যান্য ডেস্কটপ এনভায়রনমেন্টের জন্য ন্যূনতম রিকোমেন্ট চেক করা দরকার সিন্যাপসির অ্যাপ লঞ্চার এবং অন্যান্য প্রয়োজনে। বিকল্পভাবে ডাউনলোড করে নিতে পারবেন এবং আপনি যদি সত্যি সত্যি মিনিমালিস্ট হয়ে থাকেন তাহলে dmenu পছন্দ করতে পারেন। KDE ইউজারদের জন্য রয়েছে সহায়ক বিল্টইন KRunner।

কেইট এবং গিনি

কেইট (Kate) এবং গিনি (Geany) আপনার টেবলে নিয়ে আসবে অধিকতর অ্যাডভান্সড এবং ডেভেলপমেন্ট ফিচার। এদের রয়েছে একই ধরনের ফিচার সেট। তবে কেইট হলো সেরা পছন্দের টেক্সট এডিটর, যা প্রদান করে



হাইলাইট করা সিনট্যাক্স, কোড কোলাপসিং, অন-দি-ফ্লায়িং স্পেল চেকিং, ইনপুট মোড এবং এমনকি কোড অটো কম্পালিকেশন। যদি আপনি বিল্টইন এডিটরের চেয়ে বেশি কিছু প্রত্যাশা করেন, তাও পারেন। যদি আপনি অধিকতর হার্ড কোর কিছু চান, তাহলে Eclipse বা Sublime Text 2 চেক করে দেখতে পারেন।

লিব্রেঅফিস

লিব্রেঅফিস হলো ডকুমেন্ট ফাউন্ডেশনের (Document Foundation) ডেভেলপ করা একটি ফ্রি এবং শক্তিশালী ওপেন সোর্স অফিস স্যুট। লিব্রেঅফিস অ্যামবেড করে কয়েক ধরনের অ্যাপ্লিকেশন, যা একে বাজারে পরিণত করেছে সবচেয়ে শক্তিশালী ওপেনসোর্স অফিস অ্যাপ্লিকেশনে। লিব্রেঅফিস স্যুটে



সম্পৃক্ত রাইটার, ওয়ার্ড প্রসেসর, স্প্রেডশিট অ্যাপ্লিকেশন ক্যালক, প্রেজেন্টেশন ইঞ্জিন ইমপ্রেস, ড্রয়িং এবং ফ্লোচার্টিং অ্যাপ্লিকেশনের জন্য ড্র, ডাটাবেজ এবং ডাটাবেজ ফ্রন্টএন্ডের জন্য বেইজ এবং ম্যাথমেটিক অ্যাপ্লিকেশনের জন্য ম্যাথ।

অটোকী

অটোকী হলো লিনাক্স এবং X11-এর জন্য এক ডেস্কটপ অটোমেশন ইউটিলিটি। এর মাধ্যমে স্ক্রিপ্ট এবং ফ্রেইজ, অ্যাসাইন করা অ্যারিভেশন ও হটকীর কালেকশন সহজে ম্যানেজ করতে পারবেন। এটি আপনাকে সুযোগ করে দেবে একটি স্ক্রিপ্ট রান করার বা অন ডিম্যান্ড টেক্সট ইনসার্ট করার সুযোগ, তা যেই প্রোগ্রামই ব্যবহার করেন না কেন। অটোকী ফিচার হলো উইন্ডোজভিত্তিক জনপ্রিয় অটোহটকী (AutoHotkey) সাবসেটের ক্যাপাবিলিটিস। তবে সম্পূর্ণ রিপ্লেসমেন্টের জন্য দৃঢ়সঙ্কল্পিত নয়। লিনাক্সভিত্তিক অটোহটকী এর বাস্তবায়ন। স্ক্রিপ্ট ইনসার্ট বা এর টেক্সট এক্সপ্যানশন হলো

অন্যতম সেরা উন্নয়ন, যা উৎপাদনশীলতা বাড়াতে পারে।

ইন্টারনেট এবং কমিউনিকেশন ক্রোম

ফায়ারফক্সের মতো কাস্টোমাইজেবল। বর্তমানে এটিকে ক্রোম থেকে আলাদা করা খুব কঠিন হয়ে গেছে। ক্রোমের ব্রাউজার উইন্ডো স্ট্রিমলাইন, ক্লিন এবং সিম্পল। যেমন- আপনি খুব সহজে এবং দ্রুতগতিতে একই বক্স থেকে সার্চ ও নেভিগেট এবং ট্যাবগুলো বিন্যাস করতে পারবেন নিজের ইচ্ছেমতো।

ক্রোমকে এমনভাবে ডিজাইন করা হয়েছে যাতে আপনি ওয়েবে বিল্টইন ম্যালওয়্যার এবং ফিশিং প্রটেকশন দিয়ে অধিকতর সুরক্ষিত ও



নিরাপদ থাকতে পারেন। এর অটো আপডেট ফিচার নিশ্চিত করে যে, আপনি সবসময় সবশেষ এবং সর্বাধুনিক সিস্টেমের উন্নতি

ফিফ্র দিয়ে আপডেট থাকবেন। ক্রোমকে কাস্টোমাইজ করার অনেক উপায় যেমন রয়েছে, তেমনি রয়েছে সহজে সেটিং টোয়েক এবং অ্যাপ যুক্ত করার উপায়। এছাড়া এক্সটেনশন এবং থিম পারেন ক্রোম ওয়েব স্টোর থেকে।

পিজিন

পিজিন হলো স হ জ ব্যবহারযোগ্য ফ্রি চ্যাট ক্লায়েন্ট। মূলত এটি এক চ্যাট প্রোগ্রাম, যা মাল্টিপল চ্যাট নেটওয়ার্কে যুগপৎভাবে আপনাকে লগইন করার সুযোগ করে দেবে। এর অর্থ হলো আপনি এমএসএনে বন্ধুর সাথে কথা বলতে পারবেন গুগল টকে। পিজিন হলো লিনাক্সের সেরা আইএএম ক্লায়েন্ট



ফিডব্যাক : swapan52002@yahoo.com